# বাংলাদেশে জঙ্গিবাদের কোনো অবস্থান নেই: স্বরাষ্ট্র উপদেষ্টা




সংগৃহীত ছবি

বাংলাদেশে জঙ্গিবাদের কোনও ভিত্তি নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মো. জাহাঙ্গীর আলম চৌধুরী। তিনি বলেছেন, “বাংলাদেশে বড় ধরনের কোনও জঙ্গিবাদ নেই। গণমাধ্যম এবং সাধারণ মানুষের সহযোগিতায় আমরা এদেশ থেকে জঙ্গিবাদ নির্মূল করতে পেরেছি।”

রবিবার (৬ জুলাই) হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের রফতানি কার্গো ভিলেজ ও বিএডিসি হিমাগার পরিদর্শন শেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

তিনি আরও বলেন, “গত ১০ মাসে কোনও গণমাধ্যম জঙ্গিবাদ সংক্রান্ত তথ্য প্রকাশ করতে পারেনি। আগে জঙ্গিবাদ ছিল বলে খবর আসতো, এখন নেই তাই আসে না।”

সাংবাদিকদের আরেক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, মালয়েশিয়া থেকে ফেরত আসা তিনজন বাংলাদেশির বিষয়ে মূলত তাদের ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়ায় সেখান থেকে ফেরত পাঠানো হয়েছে। মালয়েশিয়ার পুলিশপ্রধান যাদের নিয়ে মন্তব্য করেছেন, তারা এখনো বাংলাদেশে ফেরেননি।

তিনি বলেন, “বাংলাদেশে তাদের বিরুদ্ধে জঙ্গি সম্পৃক্ততার কোনও প্রমাণ পাওয়া যায়নি। আমরা অফিসিয়ালি এখনো কোনও তথ্য পাইনি। গণমাধ্যমে যা এসেছে, সেটি যাচাই করে দেখা হচ্ছে।”